কালীগঞ্জে পকেটে থাকা মোবাইল বিস্ফোরিত হয়ে যুবক দগ্ধ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার চাপালী গ্রামে পকেটে রাখা মোবাইল বিস্ফোরিত হয়ে আগুনে দগ্ধ হয়েছেন সুজন হোসেন (২৬) নামে এক যুবক।

বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে এ ঘটনা ঘটে। অগ্নিদগ্ধ ওই যুবক উপজেলার চাপালী গ্রামের মৃত কলম আলীর ছেলে।

সুজন হোসেনের বন্ধু মোবারক হোসেন জানান, চাপালী স্কুল মাঠে বন্ধুরা সবাই আড্ডা দিচ্ছিলাম। এরপর হঠাৎ সুজনের তার পকেটে থাকা সিম্ফোনি বাটন ফোন বিস্ফোরিত হয়। সাথে সাথে আগুন ধরে যায়।

এরপর পাশের দোকানে থাকা পানি দিয়ে আগুন লেভানো হয়। এরপর তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক ডা. প্রিয়াঙ্কা বিশ্বাস জানান, হাটুর উপরে আগুনে দগ্ধ হয়ে এক যুবক হাসপাতালে এসেছেন। তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে।

মেডিকেলে ভর্তির জন্য মেধাবী ছাত্রী রুহানীর পাশে ঝিনাইদহ জেলা পরিষদ

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার কুশনা গ্রামের দরিদ্র কৃষক রুহুল আমিনের মেয়ে মেধাবী ছাত্রী রুহানী আক্তারের মেডিকেলে ভর্তির জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে জেলা পরিষদ।

বৃহস্পতিবার সকালে জেলা পরিষদের সচিব রেজা-ই রাফিন সরকার মেডিকেলে ভর্তির জন্য ১৫ হাজার টাকার চেক তুলে দেন রুহানীর হাতে।

এসময় রুহানীর পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার বলেন, মেধাবী রুহানীর ভর্তির জন্য আপাতত ১৫ হাজার টাকা দেওয়া হয়েছে। আগামীতে তার পড়াশোনার জন্য জেলা পরিষদ সব সময় পাশে থাকবে।

উল্লেখ্য, কৃষক রুহুল আমিনের মেয়ে রুহানী আক্তার কোটচাঁদপরু সরকারী কে এম এইচ কলেজ থেকে এইচএসসি পাশ করেন। ২০২০-২১ শিক্ষাবর্ষে তিনি ময়মনসিংহ মেডিকেল কলেজে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে।

ঝিনাইদহে কোভিট টিকা প্রদাণের দ্বিতীয় ডোজ শুরু

ঝিনাইদহে কোভিট-১৯ এর টিকার প্রদানের দ্বিতীয় ডোজ শুরু হয়েছে। বৃহস্পতিবার সকাল থেকেই জেলা সদর হাসপাতালসহ ৬ উপজেলার নির্ধারিত টিকা কেন্দ্রগুলোতে টিকা প্রদাণ করা হচ্ছে।

সকালে জেলা সদর হাসপাতালে গিয়ে দেখা যায়, প্রথম ডোজ প্রদাণের শুরুতে যারা টিকা গ্রহণ করেছিলেন তারা টিকা নিচ্ছেন। লাইনে দাড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে টিকা প্রদাণ করা হচ্ছে। এছাড়াও নতুন টিকা গ্রহণকারীরাও রেজিষ্ট্রেশন করছেন।

সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, গতকাল বুধবার ঝিনাইদহে ৪ হাজার ৮’শ এ্যাম্পুল টিকা এসেছে। প্রতি এ্যাম্পুলে ১০ জন করে সর্বমোট ৪৮ হাজার জন টিকা গ্রহণ করতে পারবেন।

গতকাল বুধবারই জেলার অন্যান্য উপজেলায় টিকা পৌঁছানো হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল থেকে একযোগে টিকা প্রদাণ শুরু করা হয়েছে। যতদিন টিকা থাকবে ততদিন আমরা টিকা প্রদাণ কার্যক্রম চালিয়ে যাব।

তিনি বলেন, প্রথম ডোজ নেওয়ার ২ মাস পর দ্বিতীয় ডোজের টিকা নিতে হবে। শুধু টিকা নিলেই হবে না স্বাস্থ্য বিধি মেনে চলাচল করতে হবে।

ইসলামিক ফাউন্ডেশন’র দাফন কমিটির

ঝিনাইদহে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মো: দরবার আলী (৮০) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তিনি শৈলকুপা উপজেলার ফুলহরি গ্রামের আক্কেল আলীর ছেলে।
ঝিনাইদহ জেলা প্রশাসক মো: মজিবর রহমানের নির্দেশে ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক মোঃ আব্দুল হামিদ খান এর সার্বিক তত্ববানে বৃহস্পতিবার মহিষাকুন্ডু পঞ্চগ্রাম গোরস্থানে তার দাফন করা হয়েছে। দাফন কাফনের কাজ করেন উপজেলা ভিত্তিক দাফন কমিটির সদস্য ও মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রের শিক্ষক মাওঃ শাহিনুর আলম। মৃত মো: দরবার আলী একজন মুদি দোকানদার ছিলেন। ঝিনাইদহ সিভিল সার্জন ডা. সেলিনা বেগম জানান, গত ০৩ এপ্রিল শনিবার অসুস্থ হয়ে সন্ধ্যা ৬টার দিকে সদর হাসপালে ভর্তি হন। ওই দিনই তার করোনা পজিটিভ রিপোর্ট আসে। চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার সকাল ৮টার দিকে তিনি মারা যান।
আজ পর্যন্ত ৬৮ জন করোনা আক্রান্ত ও করোনা উপসর্গ মৃত ব্যক্তির লাশ দাফন সম্পন্ন করলো ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশন।

ঝিনাইদহে জেলা ছাত্রলীগের উদ্যোগে মাস্ক বিতরণ

মাস্ক পরিধান করুন নিরাপদ থাকুন,সুস্থ থাকুন। এই স্লোগান সামনে রেখে
ঝিনাইদহে ছাত্রলীগের পক্ষ থেকে জনসাধারণের মাঝে বৃহস্পতিবার সকালে ঝিনাইদহে সদরের বিভিন্ন স্থানে বিনামূল্যে মাস্ক বিতরণ ও

এসময় ছাত্রলীগের নেতা-কর্মীরা করোনার সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতা মূলক প্রচারাভিযান চালান। ওই সময়
উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ ও সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল সহ ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

ঝিনাইদহ ছাত্রলীগের সভাপতি রানা হামিদ বলেন কেন্দ্রীয় ছাত্রলীগের নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাস সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসাধারণের মাঝে প্রচারণা চালানো হয়েছে। পাশাপাশি বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহে কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ১৫’শ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার সকালে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি অফিসের পক্ষ থেকে এ প্রণোদনা বিতরণ করা হয়।
এসময় সদর উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আসা কৃষক-কৃষাণীদের হাতে সার ও বীজ তুলে দেন জেলা প্রশাসক মজিবর রহমান।
অনুষ্ঠানে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ, নির্বাহী কর্মকর্তা এস এম শাহিন, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনায়েদ হাবীব, ইমদাদুল হাসানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম জানান, চলতি খরিপ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১৫’শ কৃষকের প্রত্যেককে ৫ কেজি ব্রী ধানের বীজ ও ৩০ কেজি রাসায়নিক সার প্রদাণ করা হয়েছে।

ঝিনাইদহে কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ১৫’শ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি অফিসের পক্ষ থেকে এ প্রণোদনা বিতরণ করা হয়।

এসময় সদর উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আসা কৃষক-কৃষাণীদের হাতে সার ও বীজ তুলে দেন জেলা প্রশাসক মজিবর রহমান।

অনুষ্ঠানে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ, নির্বাহী কর্মকর্তা এস এম শাহিন, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনায়েদ হাবীব, ইমদাদুল হাসানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে প্রতারক বুরহান উদ্দিন গ্রেফতার

ঝিনাইদহে ভালোবাসার ফাঁদ পেতে এক নারী উন্নয়ন কর্মীকে বিয়ে করে তার কাছ থেকে ১১ লাখ টাকা আত্মসাৎ করার অপরাধে বুরহান উদ্দিনকে গ্রেফতার করেছে পুলিশ।

প্রতারণা ও নির্যাতনের শিকার নাজনীন সুলতানা বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় মামলা দায়ের করলে গত মঙ্গলবার তাকে গ্রেফতার করে পুলিশ।
গ্রেফতারকৃত প্রতারক বুরহান উদ্দিন উপজেলার কালীচরণপুর গ্রামের

মৃত আব্দুর রশিদের ছেলে।

নাজনীন সুলতানা জানান, ২০২০ সালের ১৭ মার্চ প্রেমের ফাঁদে ফেলে তাকে বিয়ে করে বুরহান উদ্দিন। বিয়ের পর কিছুদিন তাদের সম্পর্ক ভালো ছিল।

শহরের হামদহ ঘোষপাড়ায় বাসা ভাড়া নিয়ে বসবাস করে আসছিলেন। নানা ভাবে নাজনীনকে ভুলিয়ে তার কাছে থাকা প্রায় ১১ লাখ টাকা হাতিয়ে নেন বুরহান।

স্ত্রী নাজনীনের টাকা নিয়ে শহরের মুন্সী মার্কেটে এআর বস্ত্র বিতান নামের একটি দোকানও চালাচ্ছেন বুরহান। টাকা নেওয়ার পর আরও টাকা দাবী করেন বুরহান। টাকা দিতে না পারলে নাজনীনকে নানা ভাবে নির্যাতন শুরু করেন। টাকা না দিলে গত ১৬ মার্চ তাকে মারধর করেন বুরহান।

উপায় না পেয়ে নাজনীন সুলতানা বাদী হয়ে বুরহান উদ্দিনসহ ৩ জনকে আসামী করে সদর থানায় একটি মামলা দায়ের করেন।

নাজনীন সুলতানা বলেন, মামলা দায়েরের পর প্রধান আসামীকে পুলিশ গ্রেফতার করেছে।

গুরুতর অসুস্থ নূর এ আলম সিদ্দিকী

বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সভাপতি, ৬ দফা, ভাষা আন্দোলন ও বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের অন্যতম সংগঠক নুর এ আলম সিদ্দিকী গুরুতর অসুস্থ। চিকিৎসার জন্য তাকে বুধবার থাইল্যান্ড নেওয়া হচ্ছে বলে পরিবার জানিয়েছে।

নূরে আলম সিদ্দিকীর ছোট ভাই বাসের আলম সিদ্দিকী জানিয়েছেন, তার বড় ভাই এক সপ্তাহ ধরে বার্ধক্যজনিত বিভিন্ন সমস্যায় ভুগছেন। ডায়বেটিস, হার্টের সমস্যাসহ বিভিন্ন শারীরিক সমস্যা রয়েছে তার।

নূর এ আলম সিদ্দিকী মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও মুজিব বাহিনীর নেতা ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিপিও ছিলেন। তিনি যশোর-২ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। নূরে আলম সিদ্দিকীর বড় ছেলে তাহজীব আলম সিদ্দিকী সমি ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য।

কোটচাঁদপুরে সরকারি নির্দেশনা মানতে কঠোর অবস্থানে প্রশাসন, লকডাউনে অনিহা সাধারণ ব্যবসায়ীদের

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনায় লকডাউন ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে কঠোর অবস্থানে উপজেলা প্রশাসন।
সরকারি নির্দেশনা অনুযায়ী লকডাউন নিশ্চিত ও স্বাস্থ্যবিধি মানতে সামাজিক সচেতনতার পাশাপাশি আদেশ অমান্য করায় অনেককে করা হচ্ছে জরিমানা।

লকডাউনের দ্বিতীয় দিন মঙ্গলবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন সরকারি নির্দেশনা (লকডাউন) বাস্তবায়নে উপজেলার সাফদারপুর বাজারে অভিযান পরিচালনা করেন।

এসময় তিনি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি নির্দেশ অমান্য করায় এক কাপড় ব্যবসায়ীকে ১ হাজার টাকা জরিমানা আদায় করেন। এরপরও লকডাউনে অনিহা প্রকাশ করছেন সাধারণ ব্যবসায়ীরা।

নির্বাহী অফিসার জানান, কোভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনা বাস্তবায়নে উপজেলা প্রশাসন ও স্থানীয় থানা পুলিশ কাজ করছে। মহামারি করোনা সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা পালনের পাশাপাশি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার

আহ্বান জানান।

সেই সাথে জন-সাধারণের লকডাউন মেনে বিনা প্রয়োজনে বাড়ি থেকে বের না হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন। ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যহত থাকবে বলে জানান নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন।

অভিযানে উপস্থিত ছিলেন, সাফদারপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই অজিয়ার রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন সহ পুলিশ ও আনসার সদস্য।
এদিকে প্রশাসনের কড়া নজরদারি থাকলেও লকডাউনের আওতার মধ্যে থাকা অনেক ব্যবসায়ী ব্যবসা প্রতিষ্ঠান খুলে বসছেন।